3 P 04443/07 F03000

# সাফ্ বিক্রয় কোবালা

P 04443 I 03000 5000Rs.

INDIA NON JUDICIAL

৫000রু. Rs.5000

सत्यमेव जयते भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

M. V. 104000/-
D. Stamp Duty Rs. 1250/-
D. A Fee Rs. 231/-
Has been Realised on 14/8/07
as per Banker's Cheque/Bank Draft
No. 786010 Dated 06/8/07
of

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

Admissible under Rule 21 and also under section 5(1) of W.B.L.R. Act. —1908 (XVI of 1908) duty stamped under the Indian stamped 1899
Schedule 1 A. No.
Fees Paid A - 902/-
P. fee Rs. 10/- 7/-

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

14 AUG 2007

14 AUG 2007

M.V. 104000/-
A.P 1250/-
A. 231/-
Paid

৮৩,০০০.০০ তিরাশি হাজার টাকা পণে

# সাফ বিক্রয় কোবালা

ক্রেতা ঃ

**শ্রীমতী লাকী বিশ্বাস**, স্বামী - শ্রী দিবাকর বিশ্বাস, সাং - ইষ্ট বনমালীপুর, মৈত্রী সংঘ ক্লাব, পোঃ ও থানা - বারাসাত, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০১২৪, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - ব্যবসা।





(২)

<u>বিক্রেতা</u> ঃ

১। **শ্রীমত্যা অপর্ণা পাল,** স্বামী - স্বর্গীয় নিত্যানন্দ পাল,

২। **শ্রী অলোক কুমার পাল,** পিতা - স্বর্গীয় নিত্যানন্দ পাল, উভয়ের পক্ষে আমরা *আমমোক্তারদ্বয়* **ও স্বয়ং ঃ ৩। শ্রী অশোক কুমার পাল,**

৪। **শ্রী অরূপ কুমার পাল,** উভয়ের পিতা - স্বর্গীয় নিত্যানন্দ পাল, সাং - সিতি, পোঃ - কাজীপাড়া, থানা - বারাসাত, জেলা - উত্তর ২৪ পরগণা, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - ১ নং গৃহকার্য্য, ২ নং চাকুরী, ৩ ও ৪ নং ব্যবসা।

(প্রকাশ থাকে যে, আমরা আমমোক্তারদ্বয় ইংরাজী ১৩।২।২০০৩ তারিখে বারাসাত ডি.এস.আর.-।। অফিসের ৪ নং বহির ৬ নং ভল্যুমের ৬৩ হইতে ৭৩ নং পাতায় নকলিকৃত হইয়াছে। ০০০৭০ নং রেজিষ্ট্রীকৃত আমমোক্তারনামা দলিল মূলে আমাদের মাতা উক্ত অপর্ণা পালের অংশ মোতাবেক সম্পত্তি ক্ষমতা প্রাপ্ত)।

এবং আমরা আমমোক্তারদ্বয় ইংরাজী ঐ ১৩।২।২০০৩ তারিখে বারাসাত ডি.এস.আর.-।। অফিসের ৪ নং বহির ৬ নং ভল্যুমের ৭৪ হইতে ৮৩ নং পাতায় নকলিকৃত হইয়াছে। ০০০৭১ নং রেজিষ্ট্রীকৃত আমমোক্তারনামা দলিল মূলে আমাদের সহোদর ভ্রাতা উক্ত অলোক কুমার পালের অংশ মোতাবেক সম্পত্তি ক্ষমতা প্রাপ্ত)।

যাহাতে আমি অত্র দলিলের ১ নং বিক্রেতা, আমার স্বামী মহাশয় ও আমরা অত্র দলিলের ২, ৩, ৪ নং বিক্রেতা আমাদের পিতা নিত্যানন্দ পাল গত ইং ১১।৮।১৯৭১ তারিখে বারাসাত সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৬৯ নং ভল্যুমের ২২ হইতে ২৩ নং পাতায় নকলিকৃত হইয়াছে। ৫১৮০৯ নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল দ্বারা সিতি নিবাসী করিম বক্স কয়ালের পুত্র সামসের আলি কয়াল, মিকাইল কয়াল ও এছরাইল কয়াল দিগের নিকট হইতে ৫৪৮ নং দাগে ডাঙ্গা ২৬ শতক জমি ও অন্য দলিল মূলে অন্য দাগের জমি খরিদ করিয়া খরিদা স্বত্বে এল. আর. জরীপে উক্ত খতিয়ানে উক্ত দাগে ও অন্যান্য দাগের জমি নিজ নামে রেকর্ডভূক্ত করিয়া নিজখাসে অন্যের নিরাংশে নির্ব্বিবাদে বিনা স্বত্ব সংশ্রবে নির্দ্দায়, নির্দ্দোষ ও পরিষ্কার অবস্থায় স্বত্ববান ও দখলকার থাকাকালীন স্ত্রী ও তিন পুত্র অর্থাৎ চারজনকে ওয়ারিশান রাখিয়া ইংরাজী ১৫।৫।২০০০ তারিখে পরলোকগমন করিলে তাঁহার ত্যাক্ত সম্পত্তি আমি ১ নং বিক্রেতা স্বামীর ওয়ারিশান সূত্রে ১/৪ অংশ মোতাবেক সম্পত্তি প্রাপ্ত হইয়াছি এবং আমরা ২, ৩ ও ৪ নং বিক্রেতা পৈত্রিক ওয়ারিশান সূত্রে ৩/৪ অংশের সম্পত্তি প্রাপ্ত হইয়াছি।

এক্ষণে আমরা বিক্রেতাগণ একযোগে উক্ত জমি ও অন্যান্য জমি নিজ নিজ খাসে নির্দায, নির্দ্দোষ ও পরিষ্কার অবস্থায় স্বত্ববান-স্বত্ববতী ও দখলে দখিলকার-দখলিকারিণী আছি।

এক্ষণে আমরা বিক্রেতাগণ আমাদের খাসদখলীয় জমির মধ্যে চিহ্নিত মতে ২৫ নং স্কীম প্লটে বাংলা মাপে ২ কাঠা ৩.৩০ শতক জমি মায় নক্সায় প্রদর্শিত রাস্তা ও জল নিকাশের ড্রেন, জলের পাইপ লাইন, টেলিফান লাইন, ইলেকট্রিক লাইন ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হকুক।

এক্ষণে আমাদের নানা বৈধ কারণবশতঃ নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ২ কাঠা সমান কমবেশী ৩.৩০ শতক জমি সহ ইজমেন্ট স্বত্বাদি বিক্রয় করিবার ঘোষণা ও প্রচার করিলে আপনি লোকপরম্পরায় অবগত হইয়া সর্ব্বখরিদ্দার অপেক্ষা সর্ব্বোচ্চ মূল্য ৮৩,০০০.০০ (তিরাশি হাজার) টাকা পণে আপনি খরিদ করিতে ইচ্ছুক হইলে, আমি তাহাতে সম্মত হইয়া বিক্রয় করা উচিত বিবেচনা করিয়া উক্ত ৮৩,০০০.০০ (তিরাশি হাজার) টাকা পণে আপনাকে সাফ বিক্রয় করিয়া আমি এককালীন চিরতরের জন্য চিরনিঃস্বত্ববান ও দখলত্যাগী হইয়া আপনার খাস দখলে ছাড়িয়া দিলাম।

আপনি অদ্যকার তারিখ হইতে এই দলিলের বলে আমাদের যে কোন প্রকারের স্বত্ব সামিত্ব লভ্য হক হকিয়তাদি আছে তাহা রদ ও রহিত হইয়া আপনার প্রতি সম্পূর্ণরূপে বর্ত্তাইল। আপনি আমাদের স্বত্বে সম্পূর্ণ স্বত্ববতী, হকে হকদারিণী দখলে দখলিকারিণী হইয়া যদৃচ্ছা ব্যবহারে দান, বিক্রয়াদির দ্বারা সর্ব্বপ্রকার হস্তান্তরকরণের স্বত্বাধিকারিণী হইয়া মালিক হাল পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের সেরেস্থায় আমাদের

নামের স্থলে আপনার নিজ নাম পত্তন পূর্বক করাদায়ে দাখিলাদি গ্রহণে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন।

কষ্মিনকালে উক্ত বিক্রীত সম্পত্তি সম্বন্ধে আমরা কিম্বা আমাদের কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া করি বা করে তাহা সর্ব্বাদালতে বাতিল ও নামাঞ্জুর হইবে।

প্রকাশ থাকে যে উক্ত বিক্রীত সম্পত্তি আমরা ইত্যাগ্রে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক বা কোনপ্রকার মামলায় আবদ্ধ করিয়া রাখি নাই বা কোন দেবসেবায় অর্পন করিয়া রাখি নাই বা কাহারও সহিত লিখিত বা মৌখিক বায়নাপত্রে চুক্তিবদ্ধ নাই। আরও উল্লেখ থাকে যে, অত্র সম্পত্তি আমরা বিক্রেতাগণ ইতিপূর্বে কোন সরকারী ও বেসরকারী সংস্থায় বন্ধকাদির দ্বারা আবদ্ধ রাখি নাই বা মর্টগেজ নাই। উক্ত সম্পত্তি সরকার কর্তৃক এ্যাকুইজিশান বা রিক্যুইজিশান প্রসিডিংসের অন্তর্ভূক্ত নাই বা তদ্‌মাস আমরা অদ্যবধি কোনরূপ নোটিশ পাই নাই। উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ, পরিষ্কার ও মুক্ত অবস্থায় আমাদের সম্পূর্ণ নিজ খাসদখলে থাকাবস্থায় আপনার নিকট বিক্রয় করিলাম। যদি ভবিষ্যতে কোনরূপ তঞ্চকতা থাকা প্রকাশ পায় তাহা হইলে পণের লিখিত টাকা মায় খরচ ক্ষতিপূরণ করিতে বাধ্য থাকিব।

আরও প্রকাশ থাকে যে, উক্ত বিক্রীত সম্পত্তি সম্বন্ধে অত্র দলিলে

ভবিষ্যতে কোনরূপ ভুলভ্রান্তি প্রকাশ পাইলে তাহা বিনা টাকায় ভ্রমসংশোধন বা যে কোন দলিলের দ্বারা পুনরায় রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিব।

আরও প্রকাশ থাকে যে, আমরা অত্র দলিলের কনফার্মিং পার্টী অত্র দলিলের বিক্রীত সম্পত্তি ও অন্যান্য সম্পত্তি অত্র দলিলের বিক্রেতা উক্ত মেসার্স ডিজার এ্যাগ্রো রিসোর্স ডেভলপমেন্ট প্রাইভেট লিমিটেডের সহিত এক চুক্তিপত্র মূলে চুক্তি হয় যে, উক্ত জমি ও অন্যান্য জমি ছোট ছোট প্লট নির্মাণ করিয়া বিভিন্ন ব্যক্তিকে বিক্রয় করিতে হইলে যাহা উন্নয়ণমূলক কার্য্যের প্রয়োজন তাহা আমরা নিজ নিজ দায়িত্বে করিতে বাধ্য থাকিব।

এই কারণে আমরা অত্র দলিলের কনফার্মিং পার্টী ভূক্ত হইলাম এবং উক্ত প্লটিং-এর স্থানের নামকরণ দেওয়া হইয়াছে **উত্তরায়ণ।**

এতদার্থে পণের লিখিত টাকা নগদ বুঝিয়া পাইয়া আপন আপন ইচ্ছায় নিজ নিজ হিতার্থে সরল অন্তঃকরণে স্বজ্ঞানে অত্র সাফ কোবালা দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি বাংলা ১৪১৪ সনের ৯ই শ্রাবণ, ইংরাজী ২০০৭ সালের ২৬শে জুলাই।

## <u>তপশীল সম্পত্তির পরিচয়</u>

সাবেক ১৪৬ নং তৌজির মধ্যে জেলা - উত্তর ২৪ পরগণা, থানা ও মিউনিসিপ্যালিটি এবং এ.ডি.এস.আর. অফিস বারাসাতের অন্তর্গত পরগণা আনোয়ারপুরের মধ্যে মৌজা - সিতি গ্রামে হাল

রায়ত দখলি স্বত্ববিশিষ্ট হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীনে এল.আর. জরিপে ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে খাজনা ধার্য্য হইবে। জমিজমার মধ্যে জমার কাত চিহ্নিত মতে ২ কাঠা সমান কমবেশী ৩.৩০ শতক জমি।

মৌজা - সিতি, জে. এল. নং - ১০১, রে. সা. নং - ৫০, সাবেক খতিয়ান ১৫৮ নং, আর. এস. খতিয়ান ১৮৭ নং, এল. আর. খতিয়ান ৬৯২ নং ভূক্ত (যাহা নিত্যানন্দ পাল, পিতা - কৃষ্ণ লাল পাল নাম বরাবর রেকর্ডভূক্ত)।

সি. এস. ও আর. এস. ৫৪৮ (পাঁচশত আটচল্লিশ) নং দাগভূক্ত বর্তমান এল. আর. জরীপে ৫৩৯ (পাঁচশত উনচল্লিশ) নং দাগে ডাঙ্গা/ইটখোলা ১৪ একর ৩৪ শতক জমির মধ্যে .০৪০৪৬ অংশে ৫ একর ৮১ শতক জমি। তন্মধ্যে চিহ্নিত মতে অত্র দলিলের সংযুক্ত ব্লু-প্রিন্ট নক্সায় প্রদর্শিত ২৫ নং স্কীম প্লটে বাংলামাপে ২ (দুই) কাঠা সমান কমবেশী ৩.৩০ (তিন দশমিক তিন শূণ্য) শতক শতক জমি।

---

উক্ত ২ (দুই) কাঠা সমান কমবেশী ৩.৩০ (তিন দশমিক তিন শূণ্য) শতক জমি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা দলিল ভূক্ত হইল। উক্ত নক্সা দলিলের অংশরূপে গণ্য হইবে। যাহা জমি বারাসাত পৌরসভার ১১ নং ওয়ার্ডের ৪৯ নং হোল্ডিংভূক্ত সম্পত্তি হইতেছে।

(৯)

## বিক্রীত জমির চারি চৌহদ্দি

উত্তরে ঃ ৩০ ফুট চওড়া রাস্তা ও অন্যের জমি।

দক্ষিণে ঃ স্কীম প্লট নং ২২।

পূর্বে ঃ ২২ ফুট চওড়া রাস্তা।

পশ্চিমে ঃ অন্যের জমি।

## বিক্রীত জমির চারি বাহুর পরিমাপ

উত্তর বাহু ঃ ২৭ ফুট ৬´´ ইঞ্চি ও ২৪ ফুট ২´´ ইঞ্চি।

দক্ষিণ বাহু ঃ ৪৮ ফুট ৬´´ ইঞ্চি।

পূর্ব্ব বাহু ঃ ১৭ ফুট ৬´´ ইঞ্চি। পশ্চিম বাহু ঃ ৩২ ফুট ২´´ ইঞ্চি।

## টাকার জায়

১০০ টাকার ভারতীয় নোটে ৮৩০ কেতায় মোট ৮৩,০০০.০০ (তিরাশি হাজার) টাকা বুঝিয়া পাইলাম।

*দলিল পাঠ করিয়া মর্ম শুনাইয়া ও বুঝাইয়া দিলাম ও*

মোসাবিদাকারক ঃ

শ্রী শঙ্কর নাথ ঘোষ,
সাং - ২৩/১, কে. কে. মিত্র রোড,
বারাসাত, **Linc. No. II-38**
**A.D.S.R.O. Barasat.**

ইসাদি ঃ

১।

২।

বর্ণসংস্থাপনে ঃ

অমিতাভ বোস।
**Sankar28/AB**

# DISTRICT NORTH 24 PARGANAS

OFFICE OF THE

(Photo of the presentant should be pasted in the front page of the document.)

(1)

Name ......Sanjay Kr. Show...... Status - Presentent

| LEFT HAND FINGER PRINTS | | | | |
|---|---|---|---|---|
| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
| | | | | |

| RIGHT HAND FINGER PRINTS | | | | |
|---|---|---|---|---|
| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person and attested by the said person.*

Sanjay kr Show

*Signature of the presentant*

(2)

Name ......ARVP KUMAR PAUL......

Status - Presentent/Executant/Claimant/Attorney/Principal/Gurdian/Testator (✓)

| LEFT HAND FINGER PRINTS | | | | |
|---|---|---|---|---|
| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
| | | | | |

| RIGHT HAND FINGER PRINTS | | | | |
|---|---|---|---|---|
| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person and attested by the said person.*

***Signature of the Presentant/Executant/ Claimant/Attorney/Principal/Gurdian/Testator.*** *(Tick the appropriate status).*

ASS PORT PHOTO WITH SIGNATURE

Right hand Little finger

Right hand Ring finger

Right hand Middle finger

Right hand Fore finger

Right hand Thumb

Left hand Thumb

Left hand Fore finger

Left hand Middle finger

Left hand Ring finger

Left hand Little finger

ATTESTED THE FINGER PRINTS

SIGNATURE




Right hand Little finger

Right hand Ring finger

Right hand Middle finger

Right hand Fore finger

Right hand Thumb

Left hand Thumb

Left hand Fore finger

Left hand Middle finger

Left hand Ring finger

Left hand Little finger

ATTESTED THE FINGER PRINTS


Lucky Biswas.

SIGNATURE

CE:-(UTTARAYAN) · LAND LAY OUTSITE PLAN OF C·S & R·S· 548 (PART) · L·R· DAG NO · 539 (PART) · C·S· KHATIAN NO · 158 · ATIAN NO · 187 · L·R· KHATIAN NO · 692 · PLOT NO · 25 · AREA OF LAND:- MORE OR LESS 3·30 DECIMALS · AT MOUZA:- SITI · J·L· NO · 101 · S· NO · 50 · WARD NO · 11 · HOLDING NO · 49 · P·S & MUNICIPALITY:- BARASAT ·

DIST:-(N) 24 PARGANAS ·

SCALE:- 20'FT = 1" INCH ·




CHEDULE OF LAND · (SHOWN IN RED BORDER) ·

| PLOT NO · | C·S & R·S· DAG NO · | L·R· DAG NO · | KT · | CH · | SFT · | MORE OR LESS DEC · | NAME OF PURCHASER · |
|---|---|---|---|---|---|---|---|
| 25 | 548 (P) · | 539 (P) · | 2 | 0 | 0 | 3·30 | Smt · Lucky Biswas · W/O · Sree Dibakar Biswas · OF:- East Banamalipur · P·S· Barasat · |

DRAWN BY:-
Sankar Nath Ghosh ·
23/1, K·K· Mitra Road ·
Barasat ·
Regno · 66381 Ph · No · 2562 5797
Date 26·7·07 ·

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 2
Page from 8343 to 8357
being No 03000 for the year 2007.

() 27-August-2007

Office of the A. D. S. R. BARASAT
West Bengal